গঠনতন্ত্র



বাংলাদেশ জুজুৎসু এসোসিয়েশন (বিজেজেএ)
BANGLADESH JU-JITSU ASSOCIATION (BJJA)

প্রধান কার্যালয়ঃ আছানুর রহমান টাওয়ার, ফ্ল্যাট নং এ/১, ৩৫/এফ/৬, (নীচ তলা) নর্থ শ্যামলী
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ। ফোন ও ফ্যাক্স ঃ ৮৮-০২- ৯১২৮২১২

বাংলাদেশ জুজুৎসু এসোসিয়েশন (বিজেজেএ)
BANGLADESH JU-JITSU ASSOCIATION (BJJA)

গঠনতন্ত্র

বিধিসমূহ ঃ

১। নামঃ এই সংস্থার নাম **বাংলাদেশ জুজুৎসু এসোসিয়েশন (বিজেজেএ)** সংক্ষেপে **(B.J.J.A)** হইবে।

২। রেজিষ্টার্ড এই এসোসিয়েশনের কেন্দ্রীয় অফিস ঢাকায় এবং শাখা অফিস বাংলাদেশের বিভিন্ন সুবিধাজনক স্থানে অবস্থিত হইবে।

৩। **লক্ষ্য ও উদ্দেশ্য ঃ**

ক) বাংলাদেশের সকল মার্শাল আর্টের **জুজুৎসু** প্রশিক্ষণরত শিক্ষার্থী এবং প্রশিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে **জুজুৎসু** এর জাতীয় এবং আন্তজার্তিক মান অর্জন করণ এবং সম্পৃক্ত মার্শাল আর্ট পেনচাক সিলাত, সিলামবাম, শ্যাম্বো, কুরাশ, ক্রেস্ট মেঘা, বেল্ট রেসলিং, মিক্স মার্শাল আর্ট চর্চা এবং গবেষণা কার্যক্রম চালাইবে।

খ) **জুজুৎসু** এর স্থানীয় এবং জাতীয় ও আর্ন্তজাতিক প্রশিক্ষণ, প্রতিযোগিতা, রেফারি ক্লিনিক, সেমিনার, প্রদর্শনী, বেল্ট পরীক্ষা, ইত্যাদির মাধ্যমে সকল **জুজুৎসু** শিক্ষার্থী, প্রশিক্ষক, সংগঠক, রেফারি এবং শুভাকাঙ্খীদের মধ্যে সৌহার্দ্য ও ভাতৃপ্রতীম সম্পর্ক স্থাপন করা।

গ) **জুজুৎসু** এর সর্বশেষ নিয়ম অনুযায়ী দক্ষ **জুজুৎসু** এর জাতীয় এবং আন্তর্জাতিক গ্রেড রেফারী গড়িয়া তোলা।

ঘ) **জুজুৎসু** এর বহুমুখী কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশে **জুজুৎসু** অধিকতর জনপ্রিয় ক্রীড়া হিসাবে গড়ে তোলা। বাংলাদেশের সকল বয়সের এবং বিভিন্ন শ্রেণীর নাগরিকদের **জুজুৎসু** প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে শারিরীক এবং মানসিক উৎকর্ষতা বৃদ্ধি ও কঠোর শৃঙ্খলা বোধে উদ্বুদ্ধ করে বাংলাদেশের সু-নাগরিক হিসাবে গড়িয়া তুলিয়া দেশ ও জাতি গঠণে সহায়তা করা।

ঙ) **জুজুৎসু** ক্রীড়া ও সংস্কৃতির মাধ্যমে দেশ গঠণে অংশ গ্রহণ করা।

চ) **জুজুৎসু** ক্রীড়া সংগঠনের মাধ্যমে সুস্থ দেহ ও সবল মন গঠন এবং সংস্কৃতির বিকাশের মাধ্যমে জাতীয় মূল্যবোধ বৃদ্ধি করা।

ছ) **জুজুৎসু** ক্রীড়া বিষয়ে গবেষণা, প্রশিক্ষণ ও অনুশীলন পরিচালনা করা।

জ) দেশের আর্থ সামাজিক অবস্থার প্রেক্ষাপটে সদস্যবর্গকে দুঃস্থ মানবতার সেবায় উদ্বুদ্ধ করা।

ঝ) **জুজুৎসু** ক্রীড়ার বিষয়ে দেশীয় বা আর্ন্তজাতিক সংগঠনের সহিত ঘনিষ্ঠ সহযোগিতা রক্ষা এবং তথ্য বিনিময় করা।

ঞ) জাতীয় এবং আন্তর্জাতিক ভাবে অনুষ্ঠিত **জুজুৎসু** ক্রীড়ার প্রতিযোগিতায় অংশ গ্রহণ করা।

শপথ ঃ

৪। **শপথঃ** আমি.....এই এসোসিয়েশনের একজন সদস্য হিসাবে এই মর্মে প্রতিজ্ঞা করিতেছি যে, আমি আমার **জুজুৎসু** এর শক্তির কখনো অপব্যবহার করিব না। আমি নিজেকে দেশ ও সমাজের সেবা করিবার জন্য শারিরীক এবং মানসিক দিক হইতে একজন বলিষ্ঠ **জুজুৎসু** ক্রীড়াবিদ হিসাবে গড়িয়া তুলিব এবং আমরণ দেশের কল্যাণের জন্য কাজ করিয়া যাইব। আমি এই এসোসিয়েশনের সমস্ত আইন শৃঙ্খলা মানিয়া চলিব। আমি এই এসোশিয়েশনের উন্নতি কামনা করিতেছি। আমিন।

৫। **পতাকা, প্রতীক ও পোষাক ঃ**

ক) পতাকাঃ পতাকার দৈর্ঘ্য প্রস্থের দেড়গুন হইবে এবং পতাকাটি আয়তাকার হইবে। পতাকার রং সবুজ, মাঝখানে দুইজন **জুজুৎসু** মার্শাল আর্ট এর চর্চারত দাড়ানো অবস্থায় থাকিবে এবং বৃত্তটির মধ্যে বিজেজেএ লিখা থাকিবে।

খ) প্রতীকঃ প্রতীকের মাঝখানে দুইজন **জুজুৎসু** মার্শাল আর্ট এর চর্চারত দাড়ানো অবস্থায় থাকিবে এবং বৃত্তটির মধ্যে বিজেজেএ লিখা থাকিবে। প্রতীকের বৃত্ত সবুজ এবং বৃত্তের লাল যাহা জাতীয় পতাকর সঙ্গে সামঞ্জস্য পূর্ণ এবং একটি বৃত্তের মধ্যে বাংলা এবং ইংরেজীতে বাংলাদেশ জুজুৎসু এসোসিয়েশন ও নীচে একটি মনোরম নকশায় এসোসিয়েশনের প্রতিষ্ঠার সাল উল্লেখ থাকিবে। ইহা ছাড়া সাদা, সবুজ এবং নীল দ্বারা সন্ধি, শুভ্রতা, অসীমতা এবং যৌবনের প্রতীক বুঝাইবে।

গ) পোষাকঃ সম্পূর্ণ সাদা এবং নীল রং এর মোটা ড্রিল কাপড়ের 'গী' হইবে। যাহাতে সংগঠনের নিজস্ব বৈশিষ্ট্য পূর্ণ মনোগ্রাম থাকিবে। পোষাকের সঙ্গে সংগঠনের ব্যাজ এবং অর্জিত বেল্ট (সম্মান) ধারণ করিতে হইবে।

৬। বেল্ট, পদক ও প্রশংসাপত্র ঃ

ক) কোন প্রতিযোগিতায় বা **জুজুৎসু** ক্রীড়া চর্চার ক্ষেত্রে সিলেবাস অনুসারে প্রশিক্ষণ কৃতিত্বের সঙ্গে সমাপ্ত করিবার পর সদস্য/সদস্যাদের মধ্যে বেল্ট, পদক বা প্রশংসাপত্র বিতরণ করা হইবে। নিদির্ষ্ট সময়ান্তে প্রতিযোগিতা ও পরীক্ষা নেওয়া হইবে। অনুশীলন নিদিষ্ট পর্যায়ে উপনীত হইলে উপ-কমিটির মাধ্যমে আনুষ্ঠানিক ভাবে বেল্ট এবং সনদপত্র প্রদান করা হইবে।

খ) পদবী চিহ্নিতকরণঃ সদস্য এবং সংগঠকদের মধ্যে সাংগঠনিক ক্ষমতা এবং বিভিন্ন যোগ্যতা যাচাইয়ের পর উপ-কমিটির মাধ্যমে নির্বাচিত সদস্যকে "পদবী" দ্বারা সম্মানিত করা হইবে। জাতীয় ও আর্ন্তজাতিক প্রতিযোগিতায় উত্তীর্ণ এবং কৃতিত্ব লাভ, নতুন কৌশল উদ্ভবন, অবদান, সাংগঠনিক যোগ্যতা, কর্মতৎপরতার ক্ষেত্রে অবদান ইত্যাদিতে যোগ্যতা প্রদর্শন করিলে এসোসিয়েশন কর্তৃক "পদবী" পাওয়ার যোগ্যতা অর্জন করিবে।

৭। উপদেষ্টা/ পৃষ্ঠপোষক ঃ

বাংলাদেশ **জুজুৎসু** এসোসিয়েশন এর লক্ষ্য ও উদ্দেশ্য সাধনে সহায়ক যে কোন প্রথিতযশা ব্যক্তি এসোসিয়েশনের উপদেষ্টা হইতে পারিবেন তবে কেন্দ্রীয় কমিটি কর্তৃক উপদেষ্টার সংখ্যা নির্ধারিত হইবে।

পৃষ্ঠপোষক ঃ কেন্দ্রীয় নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে আর্থিক সহায়তা করিলে যে কোন ব্যক্তি পৃষ্ঠপোষক হইতে পরিবেন।

৮। **সদস্য পদের শ্রেণী ও যোগ্যতা ঃ** এসোসিয়েশনের ৩ (তিন) শ্রেণীর সদস্য থাকিবেন। যথাঃ

(ক) শিক্ষার্থী সদস্য ঃ

আইনের চোখে নিরাপরাধ যে কোন সুস্থ দেহ ও মনের অধিকারী আগ্রহী ব্যক্তি যিনি যুব সমাজকে সংগবদ্ধ করিয়া **জুজুৎসু** ক্রীড়া ও সংস্কৃতির মাধ্যমে বহুবিধ উন্নয়নমূখী পরিকল্পনা ও পদক্ষেপ নিয়ে সুস্থ দেশ গঠনের সহায়ক শক্তি হিসাবে কাজ করিবেন এবং তিনি শিক্ষার্থী সদস্যপদ লাভের যোগ্যতা অর্জন করিবেন।এই শ্রেণীর সদস্যের কোন ভোটাধিকার থাকিবে না বা কোন নীতি নির্ধারণী নিয়ন্ত্রকের ভূমিকা পালন করিতে পারিবেন না।

(খ) কাউন্সিল সদস্য (Council Member)

১। জেলা ক্রীড়া সংস্থা, সরকারী আধা সরকারী সংস্থা, কর্পোরেশন, বাণিজ্যিক ব্যাংক, সার্ভিসেস বাহিনী, অনুমোদিত ক্লাব প্রভৃতি এসোসিয়েশন কর্তৃক আয়োজিত গত ৩ বছরের মধ্যে যে কোন একটি জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করিলে এবং জাতীয় ক্রীড়া পরিষদের নিয়মানুযায়ী প্রতি সংস্থা থেকে একজন করিয়া কাউন্সিল মেম্বার নির্ধারিত হইবে। ইহা ছাড়াও এসোসিয়েশনের সাধারণ সভায় আজীবন সদস্য এবং প্রতিষ্ঠাতা সদস্যসহ এসোসিয়েশনের সভাপতি জাতীয় ক্রীড়া পরিষদের অনুমোদন সাপেক্ষে ৫জন সদস্যকে কাউন্সিল মেম্বার নিযুক্ত করিতে পারিবেন।

(গ) আজীবন সদস্য ঃ (Life Member)

প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এসোসিয়েশনের কর্মকান্ডের সহিত জড়িত যে কোন খ্যাতিমান ব্যক্তি নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত হইলে আজীবন সদস্য হইতে পারিবেন।

৯। সদস্য পদ বাতিল ঃ নিম্নলিখিত কারণে কেন্দ্রীয় নির্বাহী কমিটি সাধারন সদস্য পদ বাতিল করিতে পারিবেন।

(ক) মৃত্যু ঘটিলে।
(খ) পদত্যাগ করিলে।
(গ) সুনির্দিষ্ট সময়ে এবং নোটিশের পর নির্ধারিত চাঁদা প্রদানে ব্যর্থ হইলে।
(ঘ) এসোসিয়েশনের পরিপন্থী কাজে দোষী সাব্যস্ত হইলে।

১০। বার্ষিক সাধারণ সভা ঃ

এসোসিয়েশনের সর্বময় ক্ষমতা সাধারণ সভার উপর ন্যস্ত থাকিবে। এই সাধারণ সভা এসোসিয়েশনের স্বার্থে সংশ্লিষ্ট আবশ্যকীয় সকল কার্য করিতে পারিবে। প্রতি বৎসর অন্ততঃ একটি বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হইবে। বার্ষিক সাধারণ সভায় নিম্নলিখিত কার্যাবলী সম্পন্ন হইবে।

ক) বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।
খ) বার্ষিক অডিট রিপোর্ট পর্যালোচনা ও অনুমোদন।
গ) পরবর্তী বৎসরের কার্যক্রমের রূপরেখা নির্ধারণ।
ঘ) নির্বাহী কমিটির নির্বাচন (প্রতি দুই বৎসর অন্তর অনুষ্ঠিতব্য)।

১১। নির্বাহী কমিটি ঃ

(ক) কার্যক্রম ব্যবস্থাপনা বিধি প্রদত্ত কার্যাবলী সম্পাদনের নিমিত্ত এসোসিয়েশনের একটি নির্বাহী কমিটি থাকিবে। উপ বিধি ১০ (ঘ) ধারা মোতাবেক অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভায় ২৫ সদস্য বিশিষ্ট কেন্দ্রীয় নির্বাহী কমিটি নির্বাচিত হইবে। কেন্দ্রীয় নির্বাহী কমিটি পদবী অনুসারে হইবে।

১। সভাপতি	ঃ ১ জন।
২। সহ-সভাপতি	ঃ ৫ জন।
৩। সাধারণ সম্পাদক	ঃ ১ জন।
৪। যুগ্ম মহা-সম্পাদক	ঃ ২ জন।
৫। কোষাধ্যক্ষ	ঃ ১ জন।
৬। নির্বাহী সদস্য	ঃ ১৫ জন।
মোট	**ঃ ২৫ জন**

(খ) কেন্দ্রীয় নির্বাহী কমিটির কার্যকালের মেয়াদ দুই বৎসর হইবে।

গ) পদত্যাগ বা পদশূন্যতা ঃ

১। কেন্দ্রীয় কমিটির কোন সদস্য বা কর্মকর্তা স্ব-হস্তে লিখিত পদত্যাগ পত্র সভাপতি বরাবর পেশ করিতে পারিবেন। পদত্যাগ পত্র গৃহীত হইলে গ্রহণকালীন সময় হইতে সংশ্লিষ্ট পদ শূন্য বলিয়া বিবেচিত হইবে।

২। কেন্দ্রীয় নির্বাহী কমিটির কোন সদস্য ক্রমান্বয়ে তিনটি সভায় যুক্তিসংগত কারণ ব্যতিরেকে অনুপস্থিত থাকিলে কমিটির সদস্য পদ বাতিল বলিয়া গণ্য হইবে।

১২। নির্বাহী কমিটির দায়িত্ব ও কর্তব্য ঃ

সনদে বর্ণিত বিধি এবং উপ-বিধি অনুসারে কেন্দ্রীয় নির্বাহী কমিটি এসোসিয়েশনের সার্বিক দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন এবং এতদুদ্দেশ্যে নিম্নবর্ণিত দায়িত্ব সমূহ নির্বাহী কমিটির কর্তব্য তালিকার অন্তর্ভূক্ত হইবে।

ক) এসোসিয়েশনের কার্য সুচারুরূপে পরিচালনার উদ্দেশ্যে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ এবং তাহাদের বেতন ভাতা ইত্যাদি নির্ধারণ।

খ) নতুন সদস্য গ্রহণ বা সদস্য পদ বাতিল।

গ) এসোসিয়েশনের পক্ষে আবশ্যক মত লেন-দেন।

ঘ) আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ।

ঙ) বার্ষিক কার্যবিবরণী ও হিসাব নিকাশ প্রস্তুত করিয়া বার্ষিক সাধারণ সভায় পেশ।

চ) সদস্যের তালিকা ও অন্যান্য বই-পত্র ও হিসাবাদি হালনাগাদ রক্ষা করা।

ছ) যথাসময়ে সাধারণ বার্ষিক সভা আহবান।

জ) বিভিন্ন আয়ের উৎস নির্ধারণ।

ঝ) সদস্য ও সংগঠকদের সেবা সাংগঠনিক ক্ষমতা এবং বিভিন্ন যোগ্যতা অনুসারে পদবী পূরণের সিদ্ধান্ত গ্রহণ।

ঞ) জাতীয় এবং আন্তর্জাতিক আলোচনা, গবেষণা, সমীক্ষা, বার্ষিক সাময়িকী এবং পুস্তক প্রকাশনার দায়িত্ব পালন করিবেন।

ট) নির্বাহী কমিটি সরাসরি এবং বিভিন্ন সাব কমিটির মাধ্যমে এসোসিয়েশনের জাতীয় কার্যক্রম সম্পন্ন করিবেন।

ঠ) জাতীয় ও আন্তর্জাতিক **জুজুৎসু** বিষয়ক ক্রীড়া প্রশিক্ষণ কার্যক্রম, বৃত্তি প্রদান, সদস্যবর্গের জন্য বৈদেশিক প্রশিক্ষণ, বেল্ট পরীক্ষা, সেমিনার, প্রদর্শনী ও অন্যান্য অনুষ্ঠানে অংশ গ্রহণ বিষয়ক সকল কার্যক্রমের ব্যবস্থা করা।

ড) জাতীয় ও প্রতিষ্ঠানিক গুরুত্বপূর্ণ দিবস পালন করা।

ঢ) নিয়মিত **জুজুৎসু** প্রশিক্ষণ কার্যক্রম চালু রাখা।

১৩। সাব কমিটি সমূহ ঃ

ক) এসোসিয়েশনের কার্যক্রম সূচারুরূপে সম্পন্ন করিবার জন্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির অধীনে নিম্নোক্ত সাব কমিটি থাকিবে-যথাঃ-

১। প্রশিক্ষণ বিষয়ক কমিটি (টেকনিক্যাল কমিটি)।
২। অনুষ্ঠান বিষয়ক কমিটি।
৩। সমাজ ও সংস্কৃতি বিষয়ক কমিটি।
৪। গণ-সংযোগ ও প্রকাশনা বিষয়ক কমিটি।
৫। বাছাই কমিটি।
৬। অর্থ কমিটি।
৭। আন্তর্জাতিক বিষয়ক কমিটি।
৮। শৃঙ্খলা বিষয়ক কমিটি।

খ) এতদ্ব্যতীত বিশেষ কার্যক্রমের জন্য কেন্দ্রীয় নির্বাহী কমিটি প্রয়োজন বোধে অস্থায়ী কমিটি গঠন করিতে পারিবে।

গ) কেন্দ্রীয় নির্বাহী কমিটি বিভিন্ন বিভাগে দায়িত্বে নিয়োজিত সম্পাদকগণ সংশ্লিষ্ট সাব কমিটি

বিষয়ক প্রধান হিসাবে কাজ করিতে পারিবেন। যদি কোন সাব কমিটির সমতুল্য বিষয়ে কোন বিভাগীয় সেক্রেটারী না থাকেন তবে নির্বাহী কমিটির সদস্য বা কর্মকর্তাদের মধ্য থেকে উক্ত সাব কমিটির প্রধান নির্বাচিত হইবেন।

ঘ) কেন্দ্রীয় নির্বাহী কমিটি নির্বাচনের পরবর্তী প্রথম সভায় সাব কমিটি গঠন করিবেন। সাব কমিটি কেন্দ্রীয় নির্বাহী কমিটির নির্দেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করিবেন এবং যাবতীয় কার্যক্রমের জন্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির নিকট দায়ী থাকিবেন।

১৪। শাখা ও অন্যান্য সংগঠনের অনুমোদন ঃ

ক) আইনের চোখে নিরপরাধ সুস্থ্য মনের অধিকারী কমপক্ষে এগারজন ব্যক্তি এসোসিয়েশনের নিয়ম-কানুন মেনে সংবিধানের প্রতি পূর্ণ আস্থা প্রদান করিয়া কার্য নির্বাহী কমিটির সভাপতি বা সাধারণ সম্পাদকের নিকট এসোসিয়েশনে অনুমতি চেয়ে লিখিত আবেদন করিতে পারিবেন। এই ক্ষেত্রে প্রত্যেক আবেদনকারীকে সদস্যপদ লাভের জন্য নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে। সংগঠন করিবার পূর্বে উদ্যোগী ব্যক্তি শাঁখা সংগঠনের প্রস্তুতি পর্ব হিসাবে এসোসিয়েশনের সহযোগী হিসাবে স্বীকৃতি গ্রহণ করিতে পারিবেন। এ পর্যায় মহা-সম্পাদকের অনুমতি নিয়ম মাফিক লইতে হইবে।

খ) প্রার্থীত সংগঠনে কমপক্ষে ১৫ জন সদস্য পদলাভ করিলে কেন্দ্রীয় নির্বাহী কমিটি স্থায়ী অথবা অস্থায়ীভাবে সংগঠন গঠনের অনুমতি দিতে পারিবেন।

গ) সংগঠনের অস্থায়ী অনুমোদন প্রার্থী ছয় মাস সঠিকভাবে কর্মসূচী পরিচালনা করিলে নির্ধারিত চাঁদা প্রদান সাপেক্ষে কেন্দ্রীয় নির্বাহী কমিটি চূড়ান্ত অনুমোদন দিবেন।

ঘ) শাখা সংগঠনের কার্যক্রম স্থায়ীভাবে সম্পাদনের জন্য প্রত্যেক শাখায় প্রয়োজনবোধে নিম্নলিখিত কর্মকর্তা সমন্বয়ে একটি শাখা কমিটি থাকিতে পারিবে যাহার ধরণ ও কার্যক্রম কেন্দ্রের সাথে সাদৃশ্য থাকিবে।

১। সভাপতি	ঃ ১ জন।
২। সহ-সভাপতি	ঃ ৩ জন।
৩। সম্পাদক	ঃ ১ জন।
৪। যুগ্ম- সম্পাদক	ঃ ২ জন।
৫। কোষাধ্যক্ষ	ঃ ১ জন।
৬। সদস্য	ঃ ৭ জন।
মোট	ঃ ১৫ জন

ঙ) অনুমোদিত সংগঠন এবং শাখা সংগঠনের নির্বাহী কমিটির দায়িত্ব ও কর্তব্য ঃ

১) শাখা সমূহ স্থানীয়ভাবে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করিবেন অবশ্য সংবিধান বা জাতীয় নীতিগত বিষয় হইলে কেন্দ্রীয় কমিটির অনুমোদন গ্রহণ করিবেন।

২) শাখা সংগঠনের পক্ষে আবশ্যকমত আর্থিক লেনদেন করিবেন।

৩) প্রতি ৩ মাসে শাখা সংগঠনের কর্মকর্তা ও অবস্থা সম্বলিত ত্রৈ-মাসিক প্রতিবেদন কেন্দ্রীয় কমিটির নিকট প্রেরণ করিবেন।

৪) শাখা সংগঠন এর এ্যাফিলিয়েশন ফি বাবদ এককালীন ১০০০/- + ৫০০/- = ১৫০০ টাকা এবং বার্ষিক নবায়ন ফি বাবদ ৫০০/= টাকা প্রদান করিতে হইবে।

৫) সনদে উল্লেখ নেই এমন কোন কার্যক্রম বা নীতি নির্ধারণ বিষয়ে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সিদ্ধান্ত সংগঠন সমূহের নিকট চূড়ান্ত বলে বিবেচিত হইবে।

Golam Faruk Khondokar Prince, M.P.
President
Ju-Jitsu Association

উপ-বিধি

১। ব্যাখ্যা

এই সনদে অতঃপর

ক) এসোসিয়েশন বলিতে বাংলাদেশ **জুজুৎসু** এসোসিয়েশন কে বুঝাইবে।

খ) সনদ বলিতে উদ্দেশ্য, লক্ষ্য সম্বলিত ও সন্নিবেশিত বিধি ও উপবিধি সমূহকে বুঝাইবে যাহা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সমাজে বর্ণিত বিধান অনুসারে ভবিষ্যতে সংশোধন বা রদবদল করা যাইবে।

গ) ফরম বলিতে উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রণীত অনুমোদিত ও প্রবর্তিত ফরম বুঝাইবে।

ঘ) নোটিশ বলিতে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট যে কোন ব্যক্তি, ব্যক্তিবর্গ প্রতিষ্ঠান, সংস্থা, সংগঠন ও অন্যান্যদের ঠিকানা বরাবর, দূত বা ডাক মারফত সভা, অনুষ্ঠান ও আনুষঙ্গিক প্রেরিত পত্র বুঝাইবে।

ঙ) অনুমোদিত সংগঠন বলিতে এসোসিয়েশনের কমপক্ষে ১৫ (পনের) জন সদস্য সমন্বয়ে গঠিত সংবিধানের প্রতি পূর্ণ আস্থাশীল এবং কেন্দ্রীয় নির্বাহী কমিটির অনুমোদিত সংগঠন যাহার নামকরণ কেন্দ্রীয় কমিটি কর্তৃক অনুমোদন লাভ করিয়াছে।

চ) নির্বাহী কমিটি বলিতে বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত কেন্দ্রীয় নির্বাহী কমিটি বুঝাইবে।

২। **এসোসিয়েশনের স্থায়ীভাবে তথ্য সংরক্ষণ ঃ**

নির্বাহী কমিটি কর্তৃক প্রণীত ও রক্ষিত একটি রেজিষ্ট্রী বহিতে এবং কম্পিউটারে সদস্যদের নাম তালিকাভূক্ত করা হইবে। ব্ল্যাক বেল্ট ড্যান অর্জনকারীদের তথ্যও আলাদা রেজিষ্ট্রি বহিতে এবং কম্পিউটারে তালিকাভূক্ত করিতে হইবে।

৩। **উপদেষ্টা,পৃষ্ঠপোষক, ব্ল্যাক বেল্ট কাউন্সিল ও রেফারি কমিটি।**

ক) এসোসিয়েশনের গঠন, প্রবৃদ্ধি করণ এবং উদ্দেশ্য লক্ষ্য সাধনের সহায়ক কোন প্রখ্যাত বা প্রতিভাবান ব্যক্তি, প্রথিতযশা বৃত্তিধারী অথবা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ পদে সম্মানিত ব্যক্তিকে নির্বাহী কমিটির উপদেষ্টা মনোনীত ও গ্রহণ করিতে পারিবে।

খ) নব নির্বাচিত কমিটি দুই বৎসর কাল মেয়াদের জন্য উপদেষ্টা কমিটি নিয়োগ করিবেন।

গ) নিয়মিত বা এককালীন চাঁদা/অনুদান প্রদানে ইচ্ছুক যে কোন স্বচ্ছল ব্যক্তি পৃষ্ঠপোষক হইতে পারিবেন।

ঘ) এসোসিয়েশনের কেন্দ্রীয় কমিটির অনুমোদন সাপেক্ষে ব্ল্যাক বেল্ট কাউন্সিল ও রেফারীদের সার্বিক উন্নয়নে উপ-কমিটি/সংগঠন করা হইবে।

৪। চাঁদা ঃ

ক) কেন্দ্রীয় বা শাখা কমিটি বা কোন সদস্য বা কোন শুভাকাঙ্খী এসোসিয়েশনের পক্ষে কেন্দ্রীয় কমিটি কর্তৃক সরবরাহকৃত রশিদ বইয়ের মাধ্যমে চাঁদা বা অনুদান সংগ্রহ করিবেন।

খ) সদস্যদের রেজিস্ট্রেশন ফি টাঃ ২০০/- (দুইশত) এবং বার্ষিক নবায়ন চাঁদা টাঃ ১০০/- (একশত) নির্ধারিত বলিয়া বিবেচিত হইবে। প্রশিক্ষণ গ্রহণকারী সদস্যদের চাঁদা প্রশিক্ষণের ধরণ, স্থান ও ব্যক্তি হিসাবে প্রশিক্ষক কর্তৃক নির্ধারণ ও সংগ্রহ করা যাইবে। কাউন্সিল সদস্যদের জন্য টাঃ ৫০০/- এবং আজীবন সদস্যপদ লাভের জন্য এক কালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা চাঁদা প্রদান করিতে হইবে।

গ) স্বল্প আয়ের ও মেধাবী সদস্যদের ক্ষেত্রে প্রশিক্ষনের জন্য অনুদান দেওয়া হইবে।

ঘ) কেন্দ্রীয় টেকনিক্যাল সাব-কমিটির নির্ধারিত ফি-এর মাধ্যমে বেল্ট ও প্রশংসাপত্র প্রদান করা হইবে।

১১/১৫

Faruk Khondokar Prince, M.P.

৫। সদস্য পদ প্রদান ঃ

ক) এসোসিয়েশনের সদস্যপদ লাভে ইচ্ছুক ব্যক্তি কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত ফরম পূর্ণ করিয়া মহাসম্পাদক বরাবর আবেদন পেশ করিবেন অথবা শাখা কমিটির মাধ্যমে মহা-সম্পাদকের নিকট প্রেরণ করিবেন।

খ) প্রাপ্ত আবেদনের ভিত্তিতে বাছাই করিবার জন্য মহা-সম্পাদক আবেদন পত্র বাছাই কমিটির নিকট পেশ করিবেন।

গ) বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্র মহা-সম্পাদক পরবর্তী কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভায় পেশ করিবেন। কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত আবেদনকারীগণ নির্ধারিত চাঁদা প্রদান পূর্বক সদস্যপদ লাভ করিবেন।

৬। সদস্যপদ বাতিল ঃ

ক) যে কোন শ্রেণীর কোন সদস্য এসোসিয়েশনের উদ্দেশ্য, স্বার্থ, সুনাম ও অস্তিত্বের পরিপন্থী কোন কাজ করিলে বা তৎপরতায় লিপ্ত হইলে কেন্দ্রীয় নির্বাহী কমিটি যুক্তি প্রদানের ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যক্তির সদস্যপদ বাতিল বা স্থগিত করিতে পারিবেন। এই ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি সিদ্ধান্ত পূনরায় বিবেচনার জন্য নির্বাহী কমিটির নিকট আবেদন করিতে পারিবেন। সদস্যপদ বাতিলের পূর্বে কারণ দর্শানোর নোটিশ প্রদান করিতে হইবে এবং ১৪ দিনের মধ্যে কারণ দর্শানোর সময় দিতে হইবে।

খ) কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে চাঁদা প্রদানে ব্যর্থ হইলে সদস্যপদ বাতিল বলিয়া গণ্য হইবে তবে সদস্যের সদস্যপদ নির্ধারিত চাঁদা প্রদান না করিবার কারণে সাময়িকভাবে বাতিল হইলে উক্ত সদস্য নির্বাহী কমিটির নিকট নবায়নের জন্য আবেদন করিতে পারিবেন। এ ক্ষেত্রে বকেয়া চাঁদা পরিশোধ এবং অতিরিক্ত নবায়ন ফি হিসাবে এক মাসের চাঁদার সম পরিমাণ টাকা প্রদান করিতে হইবে।

গ) কোন শাখা সংগঠন কোন সদস্যের যথাযথ কারণ দেখিয়ে তাহার সদস্য পদ অস্থায়ীভাবে স্থগিত বা বাতিল করিতে পারিবে কিন্তু স্থায়ীভাবে সদস্য পদ বাতিলের ক্ষমতা কেন্দ্রীয় কমিটির উপর ন্যস্ত থাকিবে।

৭। কেন্দ্রীয় নির্বাহী কমিটির নির্বাচন ঃ

ক) বিধির ১০ (ঘ) ধারা মোতাবেক অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভায় বৈধ ভোটারদের মধ্য হইতে প্রত্যক্ষ ভোটে অথবা একটা সর্বসম্মত প্যানেলের মাধ্যমে নির্বাহী কমিটির কর্মকর্তাগণ নির্বাচিত হইবেন।

খ) একই পদে একাধিক সদস্য পদ প্রার্থী হইলে গোপন ভোটের মাধ্যমে নির্বাচিত হইবেন।

৮। কেন্দ্রীয় নির্বাহী কমিটি গঠন পদ্ধতি ঃ

ক) চলতি মেয়াদের নির্বাহী কমিটি একজন চেয়ারম্যান ও দুইজন সদস্য সমন্বয়ে পরবর্তী কমিটি গঠন করিবেন। নির্বাহী কমিটির কোন কর্মকর্তা বা সদস্য নির্বাচন কমিশনের অন্তর্ভূক্ত হইতে পারিবেন না।

খ) নির্বাচন কমিশন নির্বাচনের সাত দিন পূর্বে বৈধ ভোটার তালিকা প্রকাশ করিবেন। একমাত্র হালনাগাদ চাঁদা প্রদানকারী সদস্য বৈধ ভোটার বলিয়া চিহ্নিত হইবেন। এই বৈধ ভোটার তালিকা প্রকাশের পর তালিকা বহির্ভূত কোন সদস্য নির্বাচনের পূর্বে তাহার সদস্যপদ নবায়ন করিলে এই নির্বাচনে তিনি প্রার্থী সমর্থক/প্রস্তাবক বা ভোটার হইতে পারিবেন না। নির্বাচন কমিশন নির্বাচনের অন্ততঃ ২৫ (পঁচিশ) দিন পূর্বে বিস্তারিত নির্বাচন সূচী নির্বাচন কমিশন নির্বাচনের তারিখ সময় ও স্থান ঘোষণা করিবেন।

গ) একমাত্র বৈধ ভোটার মনোয়নের প্রস্তাবক ও সমর্থক হইতে পারিবেন।

ঘ) নির্বাচন কমিশনের চেয়ারম্যান সাধারণ সভা চলাকালীন সময়ের মধ্যে নির্বাচনের ফলাফল ঘোষণা করিবেন।

ঙ) যে কোন ভোটারই কেন্দ্রীয় নির্বাহী কমিটির কর্মকর্তা বা সদস্য প্রার্থী হইতে পারিবেন।

Faruk Khondokar Prince, M.P.

জ) সাধারণ সভার তিন চতুর্থাংশ বৈধ সদস্যের ভোটক্রমে নির্বাহী কমিটি বাতিল অথবা কোন বিশেষ কর্মকর্তাকে অপসারণ করা যাইবে। এই সকল ক্ষেত্রে একই সাধারণ সভায় নির্বাহী কমিটি বিশেষ কর্মকর্তা নির্বাচনে সদস্য মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।

১১। নির্বাহী কমিটির সভা ও সভার কার্য বিবরণী ঃ

ক) সভাপতির পরামর্শক্রমে মহা-সম্পাদক নির্বাহী কমিটির সভা আহবান করিবেন। সভার নোটিশ স্থানকাল তারিখ ও আলোচ্য বিষয় উল্লেখ পূর্বক সভা অনুষ্ঠানের অন্ততঃ ৭ (সাত) দিন পূর্বে কমিটির সদস্যদের নিকট প্রেরণ করিতে হইবে। তবে বিশেষ কারণে নির্বাহী কমিটির জরুরী সভা ৪৮ ঘন্টার নোটিশে আহবান করা যাইবে।

খ) কোন নির্দিষ্ট বিষয়ে আলোচনার নিমিত্ত নির্বাহী কমিটির জরুরী সভা আহবানের জন্য কমিটির অন্ত তঃ দশজন কর্মকর্তা বা সদস্য লিখিতভাবে সভাপতির নিকট আবেদন করিলে মহা-সম্পাদক সভাপতির সহিত আলোচনাক্রমে জরুরী সভা আহবান করিতে বাধ্য থাকিবে।

গ) বৎসরে ন্যুনতম ৪টি নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হইবে। যাহাতে ত্রৈমাসিক একটি সভা অনুষ্ঠিত হয় সে দিকে লক্ষ্য রাখিতে হইবে।

ঘ) নির্বাহী কমিটির এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হইবে। কোরাম পূর্ণ না হইলে সভাপতি সভা মূলতবী ঘোষণা করিবেন এবং পরবর্তী তারিখে মূলতবী সভা-কোরাম পূর্ণ না হইলেও যথারীতি চলিবে। কোন কর্মকর্তা বা নির্বাহী কমিটির সদস্য পর পর তিনটি নির্বাহী কমিটির সভায় বিনা কারণে বা নোটিশে অনুপস্থিত থাকিলে তাহার পদশূণ্য বলিয়া ঘোষণা করিতে হইবে এবং উক্ত শূন্য পদের নির্বাহী কমিটি কর্তৃক সদস্য কিংবা নির্বাহী কমিটির সদস্যদের মধ্যে হইতে উক্ত পদ পূরণ করা হইবে।

ঙ) সভাপতি নির্বাহী কমিটির সভায় সভাপতিত্ব করিবেন। সভাপতির অনুপস্থিতিতে ক্রমানুসারে সহ-সভাপতিগণের একজন সভাপতিত্ব করিবেন। বর্ণিত কেহই উপস্থিত না থাকিলে কমিটির উপস্থিত সদস্য ও কর্মকর্তাগণ তাহাদের মধ্যে হইতে একজনকে সভাপতি মনোনীত করিবেন।

চ) নির্বাহী কমিটির সভায় উপস্থিত সংখ্যা গরিষ্ঠ সদস্যের মতামত অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করা হইবে। প্রয়োজনবোধে ভোট প্রদান বা হাত উত্তোলন করিতে পারিবেন। কোন সিদ্ধান্তের পক্ষে বা বিপক্ষে সমান সংখ্যা সদস্য ভোটদান করিলে সভাপতির কাষ্টিং ভোটে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

ছ) নির্বাহী কমিটির সভার কার্যক্রম ও সিদ্ধান্ত কার্য বিবরণী বইয়ে লিপিবদ্ধ করিতে হইবে। মহা-সম্পাদক পরবর্তী সভায় অনুমোদন ও স্বাক্ষরের জন্য উক্ত কার্য বিবরণী সংশ্লিষ্ট সভায় সভাপতির নিকট পেশ করিবেন।

জ) নির্বাহী কমিটির ৫ জন সদস্য কোন বিষয়ে আলোচনার প্রয়োজন বোধ করিলে (নোটিশ দেওয়ার পূর্বে) তাহা মহা-সম্পাদককে জানাইতে হইবে। মহা-সম্পাদক উক্ত বিষয়টি পরবর্তী সভায় আলোচ্য সুচীর অন্তর্ভূক্ত করিবেন।

১২। শাখা কমিটির সভা ও কার্য বিবরণী ঃ

ক) সভাপতির পরামর্শক্রমে সম্পাদক শাখা কমিটির সভা আহবান করিবেন। সভার নোটিশ স্থান তারিখ ও আলোচ্য বিষয় উল্লেখ পূর্বক সভা অনুষ্ঠানের ৭ (সাত) দিন পূর্বে কমিটির সদস্যের নিকট প্রেরণ করিতে হইবে। তবে বিশেষ কারণে নির্বাহী কমিটির জরুরী সভা ৪৮ ঘন্টার নোটিশে আহবান করা যাইবে।

খ) কোন নির্দিষ্ট বিষয়ে আলোচনার নিমিত্তে শাখা কমিটির জরুরী সভা আহবান এর জন্য কমিটির অন্ত তঃ ৪জন কর্মকর্তা বা সদস্য লিখিতভাবে আবেদন করিলে সম্পাদক সভাপতির সহিত আলোচনাক্রমে জরুরী সভা আহবান করিতে বাধ্য থাকিবেন।

Shankar Pinch, M.P.

গ) শাখা কমিটির অর্ধেক সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হইবে। কোরাম পূর্ণ না হইলে সভাপতি সভা মূলতবী ঘোষণা করিবেন এবং পরবর্তী তারিখে মূলতবী সভা কোরাম পূর্ণ না হইলে যথারীতি চলিবে। কোন কর্মকর্তা বা সদস্য পর পর তিনটি সভায় বিনা নোটিশে বা অকারণে অনুপস্থিত থাকলে তাহার পদ শূন্য বলিয়া ঘোষণা করিতে হইবে এবং উক্ত শূন্য পদে নতুন বৈধ সদস্য কো-অপট করা যাইবে।

ঘ) সভাপতি শাখা কমিটির সভায় সভাপতিত্ব করিবে। সভাপতির অনুপস্থিতে ক্রমানুসারে সহ সভাপতির একজন সভাপতিত্ব করিবেন। বর্ণিত কেহ উপস্থিত না থাকিলে কমিটির সদস্য ও কর্মকর্তাগণ তাহাদের মধ্য হইতে একজনকে সভাপতি মনোনীত করিবেন।

ঙ) শাখা কমিটির সভায় সংখ্যা গরিষ্ঠ সদস্যের মতামত অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত হইবে। কোন সিদ্ধান্তের পক্ষে বা বিপক্ষে সমান সংখ্যক সদস্য ভোট দান করিলে সভাপতির কাষ্টিং ভোটে সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।

চ) শাখা কমিটির কার্যক্রম ও সিদ্ধান্ত কার্য বিবরণী লিপিবদ্ধ করিতে হইবে।

১৩। কেন্দ্রীয় নির্বাহী কমিটির কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্যঃ

ক) সভাপতি ঃ

সভাপতি এসোসিয়েশনের নিয়মতান্ত্রিক প্রধান হিসাবে কাজ করিবেন। তিনি নির্বাহী কমিটি ও সাধারণ সভায় (নির্বাহী কমিটির নির্বাচনী অধিবেশন ব্যতীত) সভাপতিত্ব করিবেন। বিধি উপ-বিধিতে ধারা উপ-ধারায় বর্ণিত ক্ষমতা বলে এবং বিভিন্ন সভায় সিদ্ধান্ত মোতাবেক তিনি এসোসিয়েশনের সাময়িক কার্যাবলী পরিচালনা করিবেন।

খ) সহ-সভাপতি :

সভাপতির অনুপস্থিতিতে ক্রমানুসারে সহ-সভাপতিগণের একজন সভাপতির দায়িত্ব পালন করিবেন। এতদ্ব্যতীত সভাপতি কর্তৃক অর্পিত বিশেষ দায়িত্ব সমূহ সম্পন্ন করিবেন।

গ) সাধারণ সম্পাদক ঃ

১। সাধারণ সম্পাদক এসোসিয়েশনের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে কাজ করিবেন।

২। তিনি বার্ষিক সাধারণ সভায় বার্ষিক প্রতিবেদন পেশ করিবেন।

৩। তিনি বিভাগীয় সম্পাদক এবং স্থানীয় কর্মকর্তা কর্মচারীদের সহায়তায় এসোসিয়েশনের প্রাত্যহিক কার্যক্রম সম্পাদন করিবেন।

৪। তিনি বিধি/উপ-বিধির ধারায় ও উপ-ধারায় বর্ণিত ক্ষমতা বলে এবং বিভিন্ন সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক যাবতীয় কার্যাবলী সম্পন্ন করিবেন।

৫। সনদে বর্ণিত ক্ষমতা বলে এবং বিভিন্ন সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক তিনি বিভাগীয় সম্পাদকগণের কার্যক্রম গ্রহণ এবং সম্পাদনের পরামর্শ দিতে পারিবেন এবং সম্পাদনকালে তাহাদের কার্যাবলী তদারক ও সকল সহায়তা প্রদান করিবেন।

৬। প্রয়োজন বোধে নির্বাহী কমিটির অনুমোদনক্রমে তিনি বিভাগীয় কার্যক্রম স্ব-হস্তে পরিচালনার ভার গ্রহণ করিতে পারিবেন।

ঘ) যুগ্ম-সম্পাদক ঃ

সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে যুগ্ম-সম্পাদক, সম্পাদকের যাবতীয় দায়িত্ব পালন করিবেন। এতদ্ব্যব্যতীত সাধারণ সম্পাদকের অথবা নির্বাহী কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করিবেন।

ঙ) কোষাধ্যক্ষ ঃ

১। কোষাধ্যক্ষ এসোসিয়েশনের অর্থ সংক্রান্ত যাবতীয় দায়িত্ব পালন করিবেন।

Golam Faruk Khondokar Prince, M.P.
President
Bangladesh Ju-Jitsu Association

২। তিনি এসোসিয়েশনের আয় ব্যয়ের হিসাব রক্ষা করিবেন এবং বার্ষিক সাধারণ সভায় অডিট রিপোর্ট পেশ করিবেন। উক্ত অডিট রিপোর্ট নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান দ্বারা করাইতে হইবে।

৩। তিনি সাধারণ সভায় পেশ করিবার জন্য পরবর্তী বৎসরের বাজেট প্রণয়ন করিবেন।

৪। তিনি অর্থ কমিটির প্রধান দায়িত্ব পালন করিবেন।

১৪। শাখা কমিটির কর্মকর্তাদের দায়িত্ব পালন ঃ

শাখা কমিটি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্যদের ন্যায় দায়িত্ব পালন করিবেন। স্থানীয় যে কোন সমস্যা সমাধান, পরিকল্পনা, সংগঠন পরিচালনার নীতি নির্ধারণী প্রভৃতি দায়িত্ব পালন করিবেন। তবে নতুন কোন কার্যক্রম গ্রহণ করিলে কেন্দ্রীয় কার্যালয়ের সম্মতি গ্রহণ করিতে হইবে।

১৫। অর্থ ঃ

ক) সদস্যদের চাঁদা, সরকারী, বেসরকারী ও আন্তর্জাতিক সংস্থার অনুদান এবং ব্যক্তি বিশেষের এককালীন চাঁদা এবং প্রতিষ্ঠানের নিজস্ব আয় হইতে এসোসিয়েশনের অর্থ সংস্থানের ব্যবস্থা করিতে হইবে।

খ) এসোসিয়েশনের প্রাপ্ত সমূদয় অর্থ নির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত কোন সিডিউল ব্যাংকে জমা থাকিবে। সভাপতি, কোষাধ্যক্ষ এবং সাধারণ সম্পাদকের যে কোন দুইজনের যৌথ স্বাক্ষরে ব্যাংক একাউন্ট পরিচালিত হইবে।

গ) শাখা সমূহের ব্যাংক একাউন্ট সভাপতি/সম্পাদক এবং কোষাধ্যক্ষ যে কোন দুইজনের যৌথ স্বাক্ষরে ব্যাংক একাউন্ট পরিচালিত হইবে।

ঘ) কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি এককালীন টাঃ ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত বরাদ্দ অনুমোদন করিতে পারিবেন এবং শাখা সংগঠনের সভাপতি ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা পর্যন্ত অনুমোদন করিতে পরিবেন তদুর্ধ ব্যয় বরাদ্দের জন্য অর্থ কমিটির সম্মতির প্রয়োজন হইবে।

ঙ) এসোসিয়েশনের বিবিধ খরচের জন্য এককালীন অনুর্ধ টাঃ ১০,০০০/= (দশ হাজার) টাকা নগদ হিসাবে কোষাধ্যক্ষের নিকট থাকিবে।

১৬। গঠনতন্ত্রের ব্যাখা ঃ

গঠনতন্ত্রের কোন ব্যাখ্যা প্রয়োজন হইলে বা কোন ধারা অস্পষ্ট মনে হইলে তাহার বিস্তারিত ব্যাখ্যা দেওয়ার ক্ষমতা কেবলমাত্র কেন্দ্রীয় কমিটির থাকিবে। উপ-বিধিতে অস্পষ্ট বা অনুল্লিখিত কোন বিষয়ে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সর্বসম্মত সিদ্ধান্ত উপ-বিধির অন্ত- র্ভূক্ত বলিয়া বিবেচিত হইবে।

১৭। অবশিষ্টাত্বক ক্ষমতা ঃ

গঠনতন্ত্রের যে সব ক্ষমতা বা অধিকার সুস্পষ্টভাবে অন্য কোন কমিটিকে দেওয়া হয় নাই, সে সব ক্ষমতা ও অধিকার কেন্দ্রীয় নির্বাহী কমিটির উপর বর্তাইবে।

Golam Faruk Khondokar Prince, M.P.
President
Bangladesh Ju-Jitsu Association

১৮। গঠণতন্ত্রের পরিবর্তন পরিবর্ধন সংশোধন ও সংযোজনঃ

সাধারণ সভায় উপস্থিত তিন চতুর্থাংশ সদস্যের অনুমোদনক্রমে সনদে সন্নিবেশিত যে কোন ধারা বা উপধারা পরিবর্তন, সংশোধন ও সংযোজন করা যাইবে। সনদ সংশোধনী প্রস্তাব সমূহ নূন্যপক্ষে দশজন সদস্যের স্বাক্ষরসহ লিখিতভাবে সাধারণ সভা অনুষ্ঠানের ত্রিশ দিন পূর্বে মহা-সম্পাদক বাছাই কমিটির অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সংশোধনী সাধারণ সভায় নির্বাচনের পূর্বে সদস্যদের নিকট বিবেচনার জন্য পেশ করিবেন। সাধারণ সভার পরবর্তী কার্যক্রম সংশোধিত সংশ্লিষ্ট বিধি অনুসারে পরিচালিত হইবে।

(খন্দকার গোলাম ফারুক প্রিন্স, এম.পি)
সভাপতি

(নাদিরা আহসান)
সদস্য

(মোঃ হুমায়ন কবির)
সদস্য

(ড. মোঃ রফিকুল ইসলাম, নিউটন, পি এইচ ডি)
সদস্য সচিব